দৈনিক খবর

তারিখ 05 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ৪

70

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# উপাচার্যের ঢাকা সফর আটকে দিয়েছে শিবির সদস্যরা

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ৪ঠা নভেম্বর।- ইসলামী ছাত্র শিবির কর্মীদের বাধার মুখে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আজ ঢাকা রওনা হতে পারেননি। শিক্ষামন্ত্রীর সাথে আগামীকাল তাঁর বৈঠকের কথা ছিল। এ উদ্দেশ্যে উপাচার্য ট্রেনের টিকিটও সংগ্রহ

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## উপাচার্যের ঢাকা

প্রথম পৃষ্ঠার পর

করেছেন। কিন্তু আজ সন্ধ্যা ৭টা থেকে শিবির কর্মীরা বিশ্ববিদ্যালয়ের গেটে তালা ঝুলিয়ে দিয়েছে। প্রক্টর, প্রভোস্ট এবং পুলিশের অনুরোধ সত্ত্বেও তারা তালা খুলতে রাজী হয়নি।

উল্লেখ্য যে, সাবেক অস্থায়ী রাষ্ট্রপতির সাথে নির্ধারিত একটি বৈঠকে যোগদানের জন্যে ক্যাম্পাস থেকে রওনা হতে গিয়ে গত ৭ই জুলাইও তিনি এ রকম বাধার সম্মুখীন হয়েছিলেন।